সংবাদ

23 MAR 2003

৭ ... ৬

নকল প্রতিরোধ প্রসঙ্গে শিক্ষা প্রতিমন্ত্রী

# ১৯৮০ সালের পাবলিক আইন অনুযায়ী দোষীদের শাস্তি দেয়া হবে

নীলফামারী থেকে নিজস্ব সংবাদদাতা : শিক্ষা প্রতিমন্ত্রী আ.ন.ম এহসানুল হক মিলন পাবলিক পরীক্ষায় নকল প্রতিরোধে দ্বিতীয় পর্যায়ের জেহাদ ঘোষণা করে বলেছেন, আগের পরীক্ষাগুলোতে নকলে সহায়তাকারীদের কোন কোন ক্ষেত্রে ক্ষমা করা হলেও এবার তা করা হবে না। তিনি বলেন, ১৯৮০ সালের পাবলিক পরীক্ষার অ্যাক্ট অনুযায়ী দোষী ব্যক্তিদের শাস্তি দেয়া হবে। আসন্ন এসএসসি ও দাখিল পরীক্ষা নকলমুক্ত করার উদ্দেশ্যে সোমবার সৈয়দপুর সরকারি কারিগরি মহাবিদ্যালয় মিলনায়তনে প্রতিরোধ ও শিক্ষার মান উন্নয়ন বিষয়ক দেশব্যাপী দ্বিতীয় পর্যায়ের আন্দোলনের উদ্বোধনকালে তিনি একথা বলেন।

রাজশাহী শিক্ষা বোর্ড আয়োজিত এই উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন শিক্ষা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর নজরুল ইসলাম। এ অনুষ্ঠানে রংপুর-দিনাজপুর অঞ্চলের ৮ জেলার ডিসি, এসপি, ইউএনও, পরীক্ষা কেন্দ্রের সচিব, সমাজসেবী, শিক্ষা বিভাগের কর্মকর্তা এবং সাংবাদিকগণ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে সংসদ সদস্য আমজাদ হোসেন সরকার ও ৮ জেলার ডিসি, এসপি, ইউএনও, শিক্ষক প্রতিনিধি, সাংবাদিক ও শিক্ষা কর্মকর্তাগণ বক্তৃতা করেন।

এর আগে শিক্ষা প্রতিমন্ত্রী রোববার নীলফামারী সরকারি কলেজ ও নীলফামারী সরকারি গার্লস হাইস্কুল পরিদর্শনে গিয়ে বন্ধ পান। ওই শিক্ষা প্রতিষ্ঠান দু'টির একটিতে মাত্র ৯০ জনের ডিগ্রি পরীক্ষার জন্য এবং অন্যটিতে ছাত্রীদের কাছ থেকে বেতন নেয়ার কারণে ছুটি দেয়া হয়েছে বলে প্রতিমন্ত্রীকে জানানো হয়। তিনি এ ধরনের কর্মকাণ্ড পরিহার করার জন্য শিক্ষকদের প্রতি আহ্বান জানান।